

# সাহিত্য সন্ধ্যা : মুহম্মদ জাফর ইকবাল

১৪ই সেপ্টেম্বর, ২০১৩

শনিবার - চারটে থেকে ছটা

গ্লেন ওয়েভার্লি কমিউনিটি সেন্টার, গ্লেন ওয়েভার্লি

টিকিট : পাঁচ ডলার

বাংলা সাহিত্য মংগদ মেনবোর্নের এবারের আমন্ত্রিত অতিথি এই মময়ের অর্ধাধিক পরিচিত ও আনোচিত বাংলাদেশের লেখক মুহম্মদ জাফর ইকবাল। জাফর ইকবাল যেমন একজন জনপ্রিয় লেখক, তেমনি শ্রুতী মানব যাঁর পরিচয় কয়েকটি বাক্যে বিবৃত করা কঠিন। অসাধারণ পাঠকপ্রিয় লেখক। সাহিত্যিক জাফর ইকবাল এমন একজন লেখক যাঁর বই বাংলাদেশের প্রায় প্রতিটি পরিবারে একটি হলেও আছে।



গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ - সবক্ষেত্রে জাফর ইকবালের সাবলীল বিচরণ। লেখনীর যাদু দিয়ে বাংলাদেশের শিশু-কিশোরদের মাঝেও বই পড়ার মায়াবী বীজ বুনে চলেছেন অবিরত। বাংলাভাষায় অসাধারণ কল্পকাহিনীর স্রষ্টা লেখক জাফর ইকবাল। নিজ বাসভূমির বহমান সহজ জীবনের বিচিত্র অসামঞ্জস্যতা, অনায্যতা ও সাফল্য, পারঙ্গমতার গভীর পর্যবেক্ষক। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সমস্যা ও আশা-আকাংখার আর্তি অত্যন্ত সংবেদনশীল লেখক জাফর ইকবালের চোখ এড়ায় না। দীর্ঘদিন শিক্ষা ও কর্মসূত্রে আমেরিকাবাসী ছিলেন। তাই বোধ হয় তাঁর রচনায় দেশের বাইরে দেশকে পাওয়ার ও ধরে রাখার মানুষের সহজাত চেষ্টা ও আর্তি চমৎকারভাবে চিত্রিত হয়েছে। কিশোর চরিত্রকেন্দ্রিক তাঁর উপন্যাস 'দীপু নাম্বার টু' ও মুক্তিযুদ্ধ নিয়ে লেখা কিশোর উপন্যাস 'আমার বন্ধু রাশেদ' চলচ্চিত্রে রূপান্তরিত হয়ে আদৃত ও পুরস্কৃত হয়েছে।



## বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন

প্রতীশ বন্দ্যোপাধ্যায়	০৪১৯ ৩৪৬ ৭৮৫
নারায়ণ ব্যানার্জী	৯৮০১ ৪৬৮২
তরুন ভট্টাচার্য	০৪৪৭ ৩৫৫ ৫০৩
অরিন্দম চৌধুরী	০৪০৭ ৩১৮ ৩০৩
মনজুর চৌধুরী	০৪০৭ ৯৫৮ ১৯৪
তুহিন দে	০৪৩৩ ৩২১ ৭২৭
রঞ্জন গুপ্ত	০৪১৭ ১৩০ ০৭০
লুৎফর রহমান খান	০৪২৫ ৮৪৩ ৬৩২
মুনীর খান	০৪০৩ ০৮৭ ৬৮৯
নিখিল সমদ্দার	০৪০৯ ০১৭ ২৪০